

শ্রীশ্রীহরি সঙ্গীত

৫। মহানন্দ ডেকে বলে, সহজে কি মানুষ মেলে।

অনুরাগী না হইলে, অশ্বিনীর নাই সে সাধনা।।

১৩৯ নং তাল-একতালা

ভালবেসে গুণমণি এ দশা করেছেন তিনি।

মন প্রাণ হরিয়ে নিয়ে, করল আমায় পাগলিনী।।

১। আমায় বড় ভালবাসে, তাইতে রাখলনা বাসে।

দীন হীন দন্ডীর বেশে, করল আমায় কাঙ্গালিনী।।

২। সে যাহারে ভালবাসে, জাতকুলমান আগে নাশে।

সর্ব্বস্ব ধন নিয়ে শেষে, করে মণি হারা ফণী।।

৩। অসহ্য বিরহ আগুন, মরমে জুলিছে দ্বিগুণ।

কি ব'লব গুণমণির গুণ, করল আমায় বিরহিণী।।

৪। ঘটায়োছে বিষম দশা, সদায় বাড়ে প্রেম পিপাসা।

ছোটো না তার প্রেমের নেশা, কেঁদে বেড়ায় দিন রজনী।।

৫। মহানন্দের হৃদয়ের ধন, প্রেম ছাড়া সে রয়না কখন।

অশ্বিনী ক'রলি না যতন, কিসে পাবি রতন মণি।।

১৩৭ নং তাল-ঠুংরী

অহৈতুকী প্রেমভক্তি কই ঘটল অবলার ভাব।

মুক্তির আশে, আছ ব'সে, হল না সেই ভক্তি লাভ।।

১। ধর্ম পুণ্য বোঝাই করি, সাজায়েছ মানব তরী।

যেতে চাও বৈকুণ্ঠপুরী, করতেছ ধর্মের গৌরব।।

২। অকামনা প্রেমভক্তি, শান্তিময়ীর ভাব কান্তি।

ঘটলনা তাহা এক ক্রান্তি, বিশুদ্ধ প্রেমের বৈভব।।

৩। পহিলা নব অনুরাগ, মরমে লা'গল না সে দাগ।

ঘটল না বৈরাগ্য বিরাগ পেলেম না সে মহাভাব।।